



নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয় : প্রাচ্যকলা বিভাগের একটি স্থায়ী অধ্যাপকের শূন্য পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দফতর হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বেতন স্কেল : ৫৬,৫০০-৭৪,৪০০/-টাকা (জাতীয় বেতন স্কেল-২০১৫)।

শিক্ষাগত যোগ্যতা : প্রার্থীদের প্রাচ্যকলা বিষয়ে অবশ্যই বিশিষ্ট পন্ডিত হতে হবে। তাঁদের পি-এইচ,ডি. কিংবা সমমানের ডিগ্রী থাকা বাঞ্ছনীয়। বিশ্ববিদ্যালয় অথবা কোন উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে তাঁদের কমপক্ষে ১২(বার) বৎসরের শিক্ষাদান ও গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে। স্বীকৃতমানের গবেষণা পত্রিকায় প্রার্থীদের প্রকাশিত মৌলিক গবেষণামূলক প্রবন্ধ থাকতে হবে। শিক্ষক হিসাবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকান্ড পরিচালনায় অবদানও যোগ্যতা হিসেবে গণ্য করা হবে। বিশেষ ক্ষেত্রে অভিজ্ঞতার সময়সীমার শর্ত শিথিল করা যেতে পারে।

প্রত্যেক কপি দরখাস্তের সাথে সার্টিফিকেট, প্রশংসা পত্র, মার্কসীট এবং অভিজ্ঞতার প্রমাণ পত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করতে হবে। রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ১০০০/- (এক হাজার) টাকা মূল্যের পে- অর্ডার/ব্যাংক ড্রাফটসহ, ১১(এগার) কপি দরখাস্ত ২৫/০৫/২০২১ তারিখের মধ্যে রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয় এর নিকট পৌঁছাতে হবে। চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে।

স-৭৫০ (৫x৩)